# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯৬২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৮. প্রথম অনুচ্ছেদ - সালাতের পর যিকর-আযকার

بَابُ الذِّكْرِ بَعْدَ الصَّلَاةِ

## আরবী

وَعَنِ الْمُغِيرَةِ بْنِ شُعْبَةَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: كَانَ يَقُولُ فِي دُبُرِ كُلِّ صَلَاةٍ مَكْتُوبَةٍ: «لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ اللَّهُمَّ لَا مَانِعَ لِمَا أَعْطَيْتَ وَلَا مُعْطِيَ لِمَا مَنَعْتَ وَلَا يَنْفَعُ ذَا الْجَدِّ مِنْك الْجد»

## বাংলা

৯৬২-[৪] মুগীরাহ্ ইবনু শু’বাহ্ (রাঃ)থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সব ফরয সালাতের পরে এ দু’আ পড়তেনঃ ’’লা- ইলা-হা ইল্লাল্ল-হু ওয়াহদাহূ লা- শারীকা লাহূ, লাহুল মুলকু ওয়ালাহুল হামদু, ওয়াহুওয়া ’আলা- কুল্লি শাইয়্যিন ক্বদীর, আল্ল-হুম্মা লা- মা-নি’আ লিমা- আ’ত্বয়তা, ওয়ালা- মু’ত্বিয়া লিমা- মানা’তা, ওয়ালা- ইয়ানফা’উ যাল জাদ্দি মিনকাল জাদ্দু’’ (অর্থাৎ আল্লাহ ভিন্ন কোন উপাস্য নেই। তিনি অদ্বিতীয়। তাঁর কোন অংশীদার নেই! রাজত্ব একমাত্র তারই এবং সব প্রশংসা একমাত্র তাঁর জন্যে। তিনি সর্ববিষয়ে ক্ষমতাবান। হে আল্লাহ! তুমি যা দান করো, কেউ নেই তা ফিরাবার। আর যা তুমি দান করতে বারণ করো, কেউ নেই তা দান করার। ধনবানকে ধন-সম্পদে পারবে না কোন উপকার করতে আপনার আক্রোশ-এর সামনে)। (বুখারী, মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৮৪৪, মুসলিম ৫৯৩।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (دُبُرِ كُلِّ صَلَاةٍ مَكْتُوبَةٍ) ‘‘প্রত্যেক ফরয সালাতের পরে’’ অর্থাৎ নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রত্যেক ফরয সালাতের পরে উক্ত দু‘আ পাঠ করতেন।

শিক্ষণীয় দিকঃ

১) প্রত্যেক ফরয সালাতের পরে উক্ত দু‘আ পাঠ করা মুস্তাহাব। কেননা এতে একত্ববাদের বাক্যসমূহ সন্নিবেশিত হয়েছে।

২) কাউকে কিছু দেয়া বা না দেয়া এর পূর্ণ ক্ষমতা একমাত্র আল্লাহর হাতেই ন্যাস্ত।

৩) অত্র হাদীস হতে এ দু‘আটি মাত্র একবার পাঠ করার বিষয় বর্ণিত হয়েছে। নাসায়ীর বর্ণনায় আছে যে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শুধুমাত্র এ দু‘আটি প্রথমে তিনবার পাঠ করতেন। অতঃপর অন্যান্য দু‘আ পাঠ করতেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55521

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন